

বিশ্বাস ও প্রথাগুলি যা ঈশ্বরকে অসন্তুষ্ট করে

কিধরনের বিশ্বাস এবং প্রথাগুলি অনুচিত? (১)

খ্রীষ্টীয় ব্যক্তিদের কী বিশ্বাস করা উচিত যে ঈশ্বর এক ত্রিভূ? (২)

কেন প্রকৃত খ্রীষ্টীয় ব্যক্তির বড়দিন, ইস্টার,

অথবা জন্মদিন পালন করে না? (৩, ৪)

মৃতেরা কি জীবিতদের ক্ষতি করতে পারে? (৫) যীশুর কি একটি ক্রুশের উপরে মৃত্যু

হয়েছিল? (৬) ঈশ্বরকে সন্তুষ্ট করা কতটা গুরুত্বপূর্ণ? (৭)



ঈশ্বর কোন
ত্রিভূ নয়

১. সকল বিশ্বাস এবং প্রথাগুলিই অন্যায্য নয়। কিন্তু ঈশ্বর সেগুলির অনুমোদন করেন না যদি তা মিথ্যা ধর্ম থেকে আসে অথবা বাইবেলের শিক্ষার বিরুদ্ধে হয়।—মথি ১৫:৬.

২. ত্রিভূ: যিহোবা কি এক ত্রিভূ—এক ঈশ্বরের মধ্যে তিন ব্যক্তি? না! যিহোবা, পিতা, হলেন 'একমাত্র সত্যময় ঈশ্বর।' (যোহন ১৭:৩; মার্ক

১২:২৯) যীশু তাঁর প্রথমজাত পুত্র এবং তিনি ঈশ্বরের বশীভূত। (১ করিন্থীয় ১১:৩) পিতা পুত্র অপেক্ষা মহান। (যোহন ১৪:২৮) পবিত্র আত্মা কোন ব্যক্তি নয়; এটি ঈশ্বরের কার্যকারী শক্তি।—আদিপুস্তক ১:২; প্রেরিত ২:১৮.

৩. বড়দিন ও ইস্টার: যীশু ২৫শে ডিসেম্বর জন্মগ্রহণ করেননি। তিনি জন্মগ্রহণ করেছিলেন ১লা অক্টোবরের কাছাকাছি, বছরের একটি সময় যখন মেঘপাল-

কেরা তাদের ভেড়ার পালগুলিকে রাতে খোঁয়াড়ের বাইরে রেখেছিল। (লুক ২:৮-১২) যীশু কখনই খ্রীষ্টীয়দের তাঁর জন্মদিন পালন করতে আদেশ দেননি। বরং, তিনি তাঁর শিষ্যদের তাঁর মৃত্যুকে স্মরণার্থক, অথবা স্মরণ করতে বলেছিলেন। (লুক ২২:১৯, ২০) বড়দিন ও তার প্রথাগুলি এসেছে প্রাচীন মিথ্যা ধর্মগুলি থেকে। ইস্টার প্রথাগুলির ক্ষেত্রেও তাই হয়েছে, যেমন ডিম এবং

খরগোশের ব্যবহার। প্রাথমিক খ্রীষ্টীয়গণ বড়দিন অথবা ইস্টার পালন করেননি, বর্তমান সময়েও সত্য খ্রীষ্টীয়গণ করেন না।

৪. জন্মদিন: বাইবেলে কেবলমাত্র দুটি জন্মদিন উৎসবের উল্লেখ করা হয়েছে যা পালন করা হয়েছিল সেই ব্যক্তিদের দ্বারা যারা যিহোবার উপাসনা করত না। (আদিপুস্তক ৪০:২০-২২; মার্ক ৬:২১, ২২, ২৪-২৭) প্রাথমিক খ্রীষ্টীয়েরা জন্মদিন পালন করতেন

না। জন্মদিন পালনের প্রথা এসেছে প্রাচীন মিথ্যা ধর্মগুলি থেকে। সত্য খ্রীস্টীয়গণ বছরের অন্যান্য সময়ে উপহার প্রদান করে এবং একসাথে আমোদ-প্রমোদ করে।

৫. মৃতদের প্রতি ভীতি: মৃতেরা কোনকিছু করতে অথবা কিছু অনুভব করতে পারে না। আমরা তাদের সাহায্য করতে পারি না এবং তারা আমাদের ক্ষতি করতে পারে না। (গীতসংহিতা ১৪৬:৪; উপদেশক ৯:৫, ১০) প্রাণের মৃত্যু হয়; মৃত্যুর পরে তা বেঁচে থাকে না। (যিহিস্কেল ১৮:৪) কিন্তু কখনও কখনও দুর্ভেদ্য দূতগণ, যাদের মন্দ দূত বলা হয়, তারা মৃতদের আত্মারূপে ভান করে। যে কোন প্রথা যার সাথে মৃতদের প্রতি ভয় অথবা উপাসনা জড়িত আছে তা অনুচিত।—যিশাইয় ৮:১৯.

৬. ক্রুশ: যীশুর কোন ক্রুশের উপরে মৃত্যু হয়নি। তিনি মারা গিয়েছিলেন একটি দণ্ড, অথবা খাঁটির উপরে। যে গ্রীক শব্দটিকে বহু বাইবেলে “ক্রুশ” অনুবাদ করা হয়েছে তার অর্থ শুধু এক-টিমাত্র কাণ্ডখণ্ড। ক্রুশের চিহ্ন এসেছে প্রাচীন মিথ্যা ধর্মগুলি থেকে। প্রাথমিক খ্রীস্টীয়দের দ্বারা

বড়দিন এবং ইস্টার এসেছে প্রাচীন মিথ্যা ধর্মগুলি থেকে



ক্রুশ ব্যবহৃত অথবা উপাসিত

হত না। সুতরাং, উপাসনায় কোন

ক্রুশ ব্যবহার করা কি ন্যায়সঙ্গত হবে বলে

আপনি মনে করেন?—দ্বিতীয় বিবরণ

৭:২৬; ১ করিন্থীয় ১০:১৪.

৭. এই সকল বিশ্বাস এবং প্রথাগুলির কিছু কিছু ত্যাগ করা খুবই শক্ত হতে পারে। আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধব যুক্তি দিয়ে বোঝাতে পারে আপনার বিশ্বাস-গুলি পরিবর্তন না করতে। কিন্তু মানুষকে সন্তুষ্ট করার থেকে ঈশ্বরকে সন্তুষ্ট করা অনেক বেশি গুরুত্বপূর্ণ।—হিতোপদেশ ২৯:২৫; মথি ১০:৩৬, ৩৭.

মৃতদের উপাসনা অথবা তাদের ভয় করার কোন কারণ নেই

